



ARAMBAGH GIRLS' COLLEGE

Pallishree * Arambagh * Hooghly -712601

(Estd.-1995)

Website : www.agcollege.org

e-mail : arambaghgirlscollege@gmail.com

Online Admission Procedure:

1. আবেদনকারীরা কেবল মাত্র অনলাইন (Vide G.O. No 500-Edn(CS) / 10M- 95/16 Dt.08.05.2017) এ আবেদন করতে পারবে।
2. প্রত্যেক ছাত্রীকে অনলাইন সাইটে প্রদত্ত সাধারণ তথ্য নিয়মাবলী সমন্বিত College Prospectus -2017 ফর্ম পূরণ করার আগে ভাল ভাবে দেখে নিতে বলা হচ্ছে।
3. অনলাইনে General কোর্সের জন্য ফর্ম ফিলাপ করতে গেলে ১০+২ পাশ হতে হবে।
4. বর্ধমান বিশ্ববিদ্যালয় উল্লেখিত যেকোন স্বীকৃত বোর্ড/ কাউন্সিল থেকে ২০১৭, ২০১৬, ২০১৫, ও ২০১৪ সালে (১০+২) উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীরা আবেদন করতে পারবে।
5. ফর্ম ফিলাপের রেজিস্ট্রেশন ফি জেনারেল কোর্সে ১০০ টাকা এবং অনার্স কোর্সে ২০০ টাকা।
6. ফর্ম ফিলাপের রেজিস্ট্রেশন ফি অনলাইনে (Debit card / Credit card / Net Banking) বা ব্যাঙ্ক চালানের মাধ্যমে সরাসরি ব্যাঙ্কে গিয়ে জমা দিতে হবে (ফর্ম ফিলাপের রেজিস্ট্রেশন ফি কোন ভাবেই কলেজে জমা নেওয়া হবে না)।
7. অনার্স কোর্সে একজন ছাত্রী সর্বাধিক ৫ টি বিষয়ে আবেদন করতে পারবে।
8. জেনারেল কোর্সে ভর্তি হতে চাইলে অবশ্যই পৃথকভাবে জেনারেল কোর্সে অনলাইন ফর্ম ফিলাপ করতে হবে (অনার্সের ফর্ম ফিলাপের পর অনার্স না পেলে ঐ অনার্স ফর্মের সাহায্যে জেনারেল কোর্সে ভর্তি হতে পারবে না। তাই জেনারেল কোর্সে ভর্তি হতে আগে থেকে পৃথকভাবে জেনারেল কোর্সে অনলাইন ফর্ম ফিলাপ করতে হবে)
9. আবেদন করলেই ভর্তি হওয়া যাবে না। শুধুমাত্র মেধাতালিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।
10. অনলাইনে অনার্সের ফর্ম ফিলাপ করতে গেলে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর পেতে হবে। পরিবেশবিদ্যা বাদে যে পাঁচটি বিষয়ে সবচেয়ে বেশী নম্বর আছে তার সাথে যে বিষয়টি সম্মানিক হিসাবে নেবে তার নম্বর যোগ করে score হবে।
11. যদি উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, শিক্ষাবিজ্ঞান, সংস্কৃত, সমাজবিদ্যা না থাকে, তাহলেও আবেদনকারী এই বিষয় গুলিতেও অনলাইনে অনার্সের আবেদন করতে পারবে এবং সেক্ষেত্রে পরিবেশবিদ্যা বাদে যে পাঁচটি বিষয়ে সবচেয়ে বেশী নম্বর আছে সেই বিষয় গুলির নম্বর যোগ করে score হবে।
12. অনার্স বা জেনারেল কোর্সে ভূগোল বিষয়ে কোর কোর্স নিতে হলে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় ভূগোলে উত্তীর্ণ হতে হবে অথবা গণিত বিষয়ে উত্তীর্ণ হলেই আবেদন করার যোগ্য।
13. ভূগোল অনার্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় ভূগোল বিষয়ে কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে অথবা অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে উচ্চমাধ্যমিকে গণিত বিষয়ে কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর থাকলে তারাও ভূগোল বিষয়ে আবেদন করতে পারবে।

14. রাজ্য স্তরে খেলোয়াড়রা স্পোর্টস কোর্সে প্রথম বর্ষে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় পাশ মার্কসসহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমাণ পত্র থাকে। জেলা স্তরের খেলোয়াড়রা স্পোর্টস কোর্সে প্রথম বর্ষে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় পাশ মার্কস সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমাণ পত্র থাকে।
15. মেধা তালিকা প্রকাশিত হওয়ার পর নির্বাচিত ছাত্রীদের SMS এর মাধ্যমে জানানো হবে। প্রথম দফার মেধা তালিকা প্রকাশিত হবে ০৮.০৬.২০১৭ তারিখ সকাল ১১ টায়।
16. প্রথম দফার মেধা তালিকার মধ্যে নির্বাচিত ছাত্রীদের ০৯.০৬.২০১৭ সকাল ১২ টার সময় সমস্ত marksheet ও অন্যান্য documents সহ কলেজে এসে অবশ্যই তা ভেরিফিকেশন করাতে হবে। তারপর Axis Bank এ কলেজের Account এ ভর্তির টাকা জমা দেওয়ার পর ভর্তির আবেদন টি কলেজের অনুমোদন পাবে।

17.

ভেরিফিকেশনের সময় নিম্নলিখিত শংসাপত্রগুলির অরিজিনাল দেখাতে হবে

ক) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড ও মার্কশীট।

খ) উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড, মার্কশীট, স্কুল লিভিং সার্টিফিকেট

গ) SC/ST/OBC-A/OBC-B/Differently Abled হলে পশ্চিমবঙ্গ সরকারের নির্দিষ্ট দপ্তর প্রদত্ত সংরক্ষণ শংসাপত্র কেবলমাত্র গ্রাহ্য হবে।

ঘ) জেনারেল কোর্সে শারীরশিক্ষা বিষয়ে কোর্স নিতে হলে - উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় শারীরশিক্ষা বিষয়ে উত্তীর্ণ হতে হবে/মহকুমা/জেলা/রাজ্য/জাতীয় স্তরে ন্যূনতম যে কোন একটি ক্ষেত্রে গ্রহণযোগ্য শংসাপত্র আনতে হবে।

উপরোক্ত নথিপত্রগুলির স্বপ্রত্যয়িত ফোটোকপিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

18.

আবেদনকারীদের খুব সতর্কতার সাথে অনলাইন ফর্ম পূরণ করতে হবে। ফাইন্যাল সাবমিশনের আগে ফর্মে দেওয়া তথ্যগুলি ভাল করে দেখতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক ফি জমা না দিলে আবেদনপত্র বাতিল হয়ে যাবে। আবেদনকারীদের তথ্যে কোন ভুল থাকলে যে কোন সময় তাদের আবেদনপত্র অথবা ভর্তি বাতিল করা হবে। প্রদত্ত অর্থ ফেরত দেওয়া হবে না।

19. Pure জেনারেলের ক্লাস শুরু হবে সকাল ৮ টায় এবং ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতা মূলক।

20. অনার্সের ক্লাস শুরু হবে সকাল ১০ টায় এবং ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতা মূলক।

**** Online ভর্তি সংক্রান্ত কোনো সমস্যার সম্মুখীন হলে সরাসরি কলেজের Help Desk এ যোগাযোগ করতে হবে।

(ডঃ সৈয়দ সাজিদুল ইসলাম)

অধ্যক্ষ

আরামবাগ গার্লস কলেজ

Mob: 8159962973 & 9434355448